বিষয় কোড | ১ | ৪ | ৩ |

# এসএস সি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

## বিষয় : ব্যবসায় উদ্যোগ (সৃজনশীল)

**সময় : ২ ঘণ্টা ১০ মিনিট** **পূর্ণমান—৬০**

**(যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও)**

**১।** মি. মালেক একটি আসবাবপত্র তৈরি প্রতিষ্ঠানের মালিক। তিনি ১,০০০টি চেয়ার তৈরির জন্যে কাঠ ক্রয় করলেন ২,০০,০০০ টাকা, কাঠ মিস্ত্রির মজুরি দিলেন ৬৫,০০০ টাকা, কারখানার বিদ্যুৎ খরচ ২,৫০০ টাকা, অফিস ম্যানেজারের বেতন দিলেন ১০,০০০ টাকা বিজ্ঞাপন বাবদ খরচ করলেন ৫,০০০ টাকা।

ক. কারখানায় পণ্য বা দ্রব্য উৎপাদন করার জন্যে যে খরচ হয় তাকে কী বলে? ১

খ. নগদ বাজেট প্রণয়ন করা হয় কেন? ২

গ. মি. মালেকের ১,০০০ টি চেয়ার তৈরির উৎপাদন ব্যয় নিরূপণ করো। ৩

ঘ. মি. মালেক যদি মোট ব্যয়ের ২০% লাভ করতে চান তবে প্রতিটি চেয়ারের বিক্রয়মূল্য কত টাকা নির্ধারণ করতে হবে? ৪

**২।** 'হাসি-খুশি নকশী ঘর' জামালপুরের একটি স্বনামধন্য প্রতিষ্ঠান। এর স্বত্বাধিকারী জনাব মাহিন অনেক ভেবে-চিন্তে প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ করেন। প্রয়োজনে কর্মীদের পরামর্শ দেন। দীর্ঘমেয়াদে সফলতা বজায় রাখার নিমিত্তে নকশী কাঁথা ও অন্যান্য সামগ্রী তৈরির জন্যে দক্ষ কারিগরের গুরুত্ব বিবেচনা করে তিনি কর্মী নিয়োগ দেন এবং যথাযথ প্রশিক্ষণের ব্যবস্থা করেন।

ক. আধুনিক ব্যবস্থাপনার জনক কে? ১

খ. 'প্রেষণা দান' বলতে কী বোঝায়? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে বর্ণিত জনাব মাহিনের কাজটি কী? বর্ণনা করো। ৩

ঘ. 'হাসি-খুশি নকশী ঘর' স্বনামধন্য প্রতিষ্ঠান হওয়ার পিছনের কারণ বিশ্লেষণ করো। ৪

**৩।** রহমান লেখাপড়া করার সময় থেকেই নতুন কিছু করার কথা ভাবত। লেখাপড়া শেষ করে চাকরি না খুঁজে সে একটি ডেইরি ফার্ম করার সিদ্ধান্ত নিল। রহমান তার বাবার কাছ থেকে কিছু টাকা নিয়ে তাদের গ্রামের বাড়িতে পরিকল্পনা অনুযায়ী ফার্ম প্রতিষ্ঠা করল এবং আত্মবিশ্বাস, সাহস ও অধ্যবসায় তাকে সফলতা এনে দিল।

ক. নতুন সম্পদ সৃষ্টি হয় কীসের মাধ্যমে? ১

খ. পণ্য বা সেবাকে ব্যবসায় উদ্যোগের ফলাফল বলা হয় কেন? ২

গ. রহমান তার ফার্মটি গ্রামের বাড়িতে গড়ে তুলেছে কেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে রহমানের উদ্যোগের অবদান মূল্যায়ন করো। ৪

Copyright Md Sirajul Islam

৪। উদ্যোক্তা শিল্প বা ব্যবসায় প্রতিষ্ঠানের কাণ্ডারী। আমাদের দেশে তেমনি একজন কাণ্ডারী হলেন স্যামসন এইচ চৌধুরী। ১৯২৬ সালের ২৫ সেপ্টেম্বর ফরিদপুরে তাঁর জন্ম। শিল্প সৃষ্টির নেশা তাকে পৌঁছে দিয়েছে সফল শিল্পপতি ও সার্থক উদ্যোক্তার কাতারে। ধৈর্য, অধ্যবসায় ও সততা তাকে এনে দিয়েছে সাফল্য।

ক. কতজন শ্রমিক নিয়ে স্কয়ার ফার্মাসিউটিক্যালস স্থাপিত হয়? ১

খ. স্যামসন এইচ চৌধুরী ফার্মেসিকেই কেন ব্যবসায় হিসেবে গ্রহণ করেন? ২

গ. একজন সফল উদ্যোক্তা হিসেবে স্যামসন এইচ চৌধুরীর কী কী গুণ ছিল তা বর্ণনা করো। ৩

ঘ. একটি দেশের অর্থনৈতিক উন্নয়নে স্যামসন এইচ চৌধুরীর উদ্যোক্তার ভূমিকা মূল্যায়ন করো। ৪

৫। নিম্নবিত্ত পরিবারের বড় সন্তান আবির যখন এসএসসি পাস করে সে সময়ে হঠাৎ তার বাবা মারা যায়। ফলে সংসারের দায়িত্ব তার ওপর এসে পড়ে। এতে তার লেখাপড়ার সমাপ্তি ঘটে। ফলশ্রুতিতে আবির কিছু টাকা ধার করে কালীগঞ্জ বাসস্ট্যান্ডের কাছে ছোট একটি চায়ের দোকান খুলে কর্মজীবন শুরু করেন।

ক. রাষ্ট্রীয় ব্যবসায়ের প্রধান উদ্দেশ্য কী? ১

খ. একমালিকানা ও অংশীদারি ব্যবসায়ের ১টি পার্থক্য ব্যাখ্যা করো। ২

গ. আবিরের ব্যবসায়ের স্থায়িত্ব কেমন হবে? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'সাংগঠনিক ধরন বিবেচনায় আবিরের ব্যবসায়টি কম ঝুঁকিপূর্ণ অথচ অসীম দায়সম্পন্ন'– উদ্দীপকের আলোকে তোমার মতামত দাও। ৪

৬। 'আল-আমিন বেকারি এন্ড কনফেকশনারি' নামক প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী জামান সাহেব উৎপাদিত বিস্কুট, পাউরুটি, কেক ও বাটারবনসহ বেকারি পণ্যের মোড়ককিকরণ করে শোরুমে ও নিজস্ব পরিবহনে খুচরা বিক্রেতার নিকট পৌঁছে দেন। দেশীয় টিভি চ্যানেলসমূহে চোখ ধাঁধানো বিজ্ঞাপন, ব্যস্ত এলাকাসমূহে সাইনবোর্ড ও সংবাদপত্রে ব্যাপক প্রচারণায় ভোক্তাদের আকৃষ্ট ও উদ্বুদ্ধ করতে সক্ষম হয়েছেন। ফলে বিপণনে গতিশীলতা বৃদ্ধি পেয়েছে।

ক. শিল্প, বাণিজ্য ও সেবার উন্নতি ঘটায় কোনটি? ১

খ. শিল্পজাত পণ্যের মোড়ককিকরণের উদ্দেশ্যাবলি উল্লেখ করো। ২

গ. জামান সাহেবের অনুসৃত বণ্টন প্রণালির বর্ণনা দাও। ৩

ঘ. জামান সাহেবের পণ্য বিপণনে গতিশীলতা বৃদ্ধি পাওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

Copyright Md Shah Jamal

৭। কবির ডিগ্রী পাশ করে চাকরি লাভে ব্যর্থ হয়ে নিজ গ্রামে স্থানীয় যুব উন্নয়ন কার্যালয় থেকে মৎস্য চাষ ও হাঁস-মুরগি পালনের ওপর প্রশিক্ষণ গ্রহণ করেন। তারপর নিজের সঞ্চিত টাকা এবং যুব উন্নয়ন অধিদপ্তর থেকে ঋণ নিয়ে বড় আকারের মৎস্য ও হাঁস-মুরগির খামার গড়ে তুললেন। কবিরের মতে, প্রবল আত্মবিশ্বাস, মনোবল আর প্রশিক্ষণ নিয়ে যেকোনো কাজে অগ্রসর হলে সাফল্য অনিবার্য।

ক. সবচেয়ে জনপ্রিয় পেশা কোনটি? ১

খ. চাকরির বিকল্প পেশা হিসেবে আত্মকর্মসংস্থানকে বেছে নেয়ার কারণ ব্যাখ্যা করো। ২

গ. কবির আত্মকর্মসংস্থান হিসেবে মৎস্য ও হাঁস-মুরগি খামারকে কেন পছন্দ করেছেন তা বর্ণনা করো। ৩

ঘ. কবিরের মতো আমাদের দেশের যুবসমাজের নিকট আত্মকর্মসংস্থানের গুরুত্ব কতটুকু তা মূল্যায়ন করো। ৪

৮। মি. আব্দুল আজিজ 'চৈতী গার্মেন্টস লি.'-এর স্বত্বাধিকারী। ব্যবসায়িক উদ্দেশ্য অর্জনে তিনি সর্বদা কর্মীদের প্রতি নৈতিক দৃষ্টিভঙ্গি পোষণ করেন। এতে তার প্রতিষ্ঠানের সকল কাজ সুষ্ঠুভাবে সম্পাদন ও সম্পাদিত কার্যের বিচার-বিশ্লেষণ সহজ জয়।

ক. মূল্যবোধ কী? ১

খ. নৈতিকভাবে ধারণাটি চিহ্নিত করো। ২

গ. মি. আব্দুল আজিজ তার কর্মীদের প্রতি নৈতিক দৃষ্টিভঙ্গি পোষণ করেন কেন? বর্ণনা করো। ৩

ঘ. প্রতিষ্ঠানের কার্যাবলি সুষ্ঠু ও সুচারুরূপে সম্পাদনে নৈতিকতা কীভাবে সহায়তা করতে পারে বলে তুমি মনে করো? তোমার ধারণা তুলে ধরো। ৪

৯। জনাব সবুজ একজন উদ্ভাবক। তিনি দীর্ঘদিন গবেষণা করে এমন একটি সৌরশক্তি চালিত পানি সেচের যন্ত্র আবিষ্কার করেন যেটি বাজারে প্রচলিত অন্যান্য সেচ যন্ত্র থেকে আলাদা। জাতীয় বিজ্ঞান মেলায় অংশগ্রহণ করে এটি প্রথম স্থান অধিকার করে। তিনি এটি বাণিজ্যিক ভিত্তিতে উৎপাদন করে বাজারে ছাড়েন এবং ব্যাপক সাড়া পান। কিছুদিনের মধ্যেই অন্য একটি প্রতিষ্ঠিত কোম্পানি তার এ যন্ত্র নকল করে বাজারজাত করে। কিন্তু তিনি ঐ কোম্পানির বিরুদ্ধে মামলা করেও আইনগত কোনো ব্যবস্থা নিতে পারেন নি।

ক. প্রাইভেট লিমিটেড কোম্পনির ন্যূনতম প্রবর্তক কত জন? ১

খ. লাইসেন্স বলতে কী বোঝায়? বর্ণনা করো। ২

গ. জনাব সবুজের পানি সেচ যন্ত্রটি কোন সম্পদের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব সবুজ কোনো আইনি সহায়তা না পাওয়ার কারণ বিশ্লেষণ করো। ৪

Copyright Md Shah Jamal

বিষয় কোড | ১ | ৪ | ৩

এসএসসি পরীক্ষা ২০১৫ এর মডেল প্রশ্ন

সময় ঃ ৪০ মিনিট বিষয় ঃ ব্যবসায় উদ্যোগ (বহুনির্বাচনি) পূর্ণমান—৪০

[ উত্তরপত্রের সঠিক উত্তরের বৃত্তটি (O) বল পয়েন্ট কলম দ্বারা ভরাট কর ]

**১. ব্যবসায়ের সাথে জড়িত পণ্য বা সেবার অবশ্যই কি থাকতে হবে?**
ক আর্থিক মূল্য খ মান
গ বিমা ঘ মোড়ক

**২. মানুষের যা অর্থনৈতিক কর্মকাণ্ড বৃদ্ধির কারণ কী?**
ক মুনাফা খ অভাব
গ প্রয়োজন ঘ চাহিদা

**৩. দ্রব্য বিনিময় করা হতো কোন যুগে?**
ক প্রাচীন যুগে খ মধ্য যুগে
গ আধুনিক যুগে ঘ অত্যাধুনিক যুগে

**৪. বিজ্ঞান কিসের কাজ?**
ক শিল্প খ বাণিজ্য
গ সেবা ঘ ব্যবসায়

**৫. হ্যাচারি কোন শিল্পের অন্তর্গত?**
ক প্রজনন খ নির্মাণ
গ উৎপাদন ঘ নিষ্কাশন

**৬. বাণিজ্যের ঝুঁকিগত বাধা দূর করে কোনটি?**
ক পরিবহন খ গুদামজাতকরণ
গ ব্যাংকিং ঘ বিমা

**৭. ব্যবসায় পরিবেশের অর্থনৈতিক উপাদান হিসেবে কাজ করে —**
i. অর্থ ও ব্যাংকিং ব্যবস্থা
ii. শিল্প, সাহিত্য ও ঐতিহ্য
iii. জনগণের সঞ্চয় ও বিনিয়োগ মানসিকতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

**৮. গুদামজাতকরণ কোন ধরনের বাধা দূর করে?**
ক স্থানগত খ সময়গত
গ স্বত্বগত ঘ ঝুঁকিসংক্রান্ত

**নিচের অনুচ্ছেদ হতে ৯, ১০ ও ১১নং প্রশ্নের উত্তর দাও।**
প্রাচীনযুগে মানুষ পশু শিকার, ফলমূল আহরণ ও কৃষিকাজের মাধ্যমে ব্যবসায়িক লেনদেনের প্রচেষ্টা চালাত। তখন লেনদেনের বাহন ছিল দ্রব্যের বিনিময়ে দ্রব্য। ফলে তখনকার মানুষ নানাবিধ সমস্যার সম্মুখীন হতো। কিন্তু অর্থ প্রচলনের মাধ্যমে ব্যবসায়িক লেনদেন এখন খুব সহজেই করা যায়।

**৯. মৎস্য শিকার কোন যুগের উদাহরণ?**
ক প্রাচীন খ মধ্য
গ আধুনিক ঘ প্রাগ-আধুনিক

**১০. কোন যুগে অর্থের প্রচলন ঘটেছে?**
ক প্রাচীন খ মধ্য
গ মধ্য ও প্রাচীন ঘ আধুনিক

**১১. প্রাচীনযুগে মানুষ কোন ধরনের কাজে লিপ্ত থাকত?**
i. কৃষিকাজ
ii. আইন বৃত্তি
iii. পাথর ব্যবহার
**নিচের কোনটি সঠিক?**
ক i খ i ও ii
গ iii ঘ i, ii ও iii

**১২. কীভাবে পণ্যের সময়গত উপযোগ সৃষ্টি হয়?**
ক গুদামজাতকরণের ফলে
খ পরিবহনের ফলে
গ ক্রয়-বিক্রয়ের ফলে
ঘ বিমাকরণের ফলে

**১৩. সকল দেশের অর্থনৈতিক উন্নয়নে নিচের কোনটির ভূমিকা রয়েছে?**
ক উদ্যোগ ও উদ্যোক্তা খ অর্থ
গ কৃষি ঘ ব্যবসায় উদ্যোগ

**১৪. সকল শিল্প প্রতিষ্ঠানের মালিককে কী বলা হয়?**
ক উদ্যোক্তা খ পরিচালক
গ নিবন্ধক ঘ তত্ত্বাবধায়ক

**১৫. সফল উদ্যোক্তা সিদ্ধান্ত নেন কীভাবে?**
ক পরিচালনের মাধ্যমে
খ বিশ্লেষণের মাধ্যমে
গ গবেষণার মাধ্যমে
ঘ বিচার বিশ্লেষণের মাধ্যমে

**১৬. ব্যবস্থাপনার কৌশল সম্পর্কে কে গভীর জ্ঞান রাখেন?**
ক উদ্যোক্তা খ ব্যবসায় উদ্যোক্তা
গ শিল্প উদ্যোক্তা ঘ সফল উদ্যোক্তা

**১৭. নতুন নতুন শিল্প স্থাপনের মাধ্যমে নিচের কোনটি বৃদ্ধি পায়?**
ক অর্থ খ দক্ষতা
গ আয় ঘ বিনিয়োগ

**১৮. ব্যবসায় উদ্যোগ গড়ে উঠার জন্য প্রয়োজন —**
i. উন্নত অবকাঠামোগত উপাদান
ii. সরকারি পৃষ্ঠপোষকতা
iii. আর্থসামাজিক স্থিতিশীলতা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**১৯. কোনটি ব্যবসায় উদ্যোগ উন্নয়নে বাধা?**
i. প্রশিক্ষণের অভাব
ii. রাজনৈতিক অস্থিরতা
iii. ধর্মীয় অনুভূতি
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii
গ i ও iii ঘ i, ii ও iii

**২০. ব্যবসায় ও শিল্পপ্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে কিসের গুরুত্ব দিন দিন বৃদ্ধি পাচ্ছে?**
ক ব্যবসায় খ কৃষি
গ শিল্প ঘ আত্মকর্মসংস্থান

Copyright Md. Shah Jamal

২১. **হাফিজ প্রতি মণ কয়লা কত দরে বিক্রয় করেন?**
ক ১০০০ টাকা　খ ১১০০ টাকা
গ ১২০০ টাকা　ঘ ১৫০০ টাকা

২২. **আত্মকর্মসংস্থানের ক্ষেত্র নির্ধারণে নির্দিষ্ট প্রশ্নের উত্তর খোঁজার মাধ্যমে কোনটি নির্ধারণের পথ খুঁজে পাওয়া যাবে?**
ক সঠিক লক্ষ্য　খ ঝুঁকি
গ মূলধন　ঘ পণ্য

২৩. **আত্মকর্মসংস্থানের মানসিকতা যুব সমাজের ওপর কীরূপ প্রভাব ফেলে?**
i. দেশপ্রেমে উদ্বুদ্ধ করে
ii. স্বেচ্ছামূলক কাজে উৎসাহিত করে
iii. সমাজবিরোধী কাজে লিপ্ত করে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii　খ i ও iii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৪. **একমালিকানা ব্যবসায় গঠন করতে নিচের কোনটি সর্বাগ্রে প্রয়োজন?**
ক স্বল্প মূলধন　খ ট্রেড লাইসেন্স
গ ব্যক্তিগত উদ্যোগ　ঘ দোকানঘর ভাড়া করা

**নিচের অনুচ্ছেদ হতে ২৫ ও ২৬নং প্রশ্নের উত্তর দাও।**
রুবেল তার বন্ধুদের নিকট থেকে কিছু অর্থ ঋণ নিয়ে ও নিজের জমানো অর্থ দিয়ে একটি ব্যবসায় স্থাপন করল। সততা, নিষ্ঠা আর পরিশ্রমের ফলে সে তার এলাকায় একজন সফল ব্যবসায়ী হিসেবে পরিচিতি পেয়েছেন।

২৫. **রুবেলের উদ্যোগকে কী বলা যায়?**
ক কর্মসংস্থান　খ সাহসী উদ্যোগ
গ স্বেচ্ছাচারিতা　ঘ আত্মকর্মসংস্থান

২৬. **রুবেলের সাফল্য লাভের ক্ষেত্রে যে সব মনস্তাত্ত্বিক গুণাবলি সহায়তা করেছে তা হলো —**
i. ঝুঁকি গ্রহণের মনোভাব
ii. উদ্ভাবনী শক্তি ও কঠোর পরিশ্রম করার মানসিকতা
iii. শিক্ষা, বয়স ও আকর্ষণীয় ব্যক্তিত্ব
**নিচের কোনটি সঠিক?**
ক i ও iii　খ i ও ii
গ ii ও iii　ঘ i, ii ও iii

২৭. **অংশীদারি আইনের ৪২ ধারায় কোন বিলোপসাধন সম্পর্কে বলা হয়েছে?**
ক সকলে একমত হয়ে বিলোপসাধন
খ বিশেষ ঘটনা সাপেক্ষে বিলোপসাধন
গ বিজ্ঞপ্তির দ্বারা বিলোপসাধন
ঘ আদালতের নির্দেশে বিলোপসাধন

২৮. **অংশীদারি ব্যবসায়ের লাভ-লোকসান কী অনুযায়ী বণ্টিত হয়?**
ক চুক্তি　খ স্মারকলিপি
গ মূলধন　ঘ নিবন্ধন

২৯. **যৌথমূলধনী কোম্পানি কী নামে পরিচালিত হয়?**
ক কোম্পানির নিজ নামে
খ অন্য নামে
গ শেয়ার হোল্ডারদের নামে
ঘ কোনো ব্যক্তির নামে

৩০. **একতাই বল কোন সংগঠনের মূলমন্ত্র?**
ক অংশীদারি　খ সমবায়
গ প্রাইভেট লিঃ　ঘ রাষ্ট্রীয়

৩১. **ফ্রানসাইজিং চুক্তিতে কয়টি বিষয় অন্তর্ভুক্ত থাকে?**
ক পাঁচটি　খ সাতটি
গ নয়টি　ঘ এগারোটি

৩২. **বাংলাদেশে কোন কপিরাইট আইনটি প্রচলিত আছে?**
ক ২০০০ সালের　খ ২০০১ সালের
গ ২০০২ সালের　ঘ ২০০৩ সালের

৩৩. **কপিরাইট দ্বারা সংরক্ষিত হয়—**
i. চলচ্চিত্র
ii. সংগীত
iii. ভাস্কর্য
**নিচের কোনটি সঠিক?**
ক i　খ ii
গ i ও ii　ঘ i, ii ও iii

৩৪. **সিমেন্ট শিল্পের প্রধান কাঁচামাল কোনটি?**
ক বালু　খ চুনাপাথর
গ ইউরিয়া　ঘ পটাশ

৩৫. **ক্ষুদ্র শিল্পের সর্বনিম্ন বিনিয়োগ সীমা কত?**
ক ৫ লক্ষ　খ ২৫ লক্ষ
গ ৫০ লক্ষ　ঘ ৭৫ লক্ষ

৩৬. **ব্যবস্থাপনা কি ধরনের প্রক্রিয়া?**
ক গতানুগতিক　খ ধারাবাহিক
গ সনাতন　ঘ সবগুলো

৩৭. **কোন প্রকার নেতৃত্বে অধীনস্থরা অবাধ স্বাধীনতা ভোগ করে?**
ক মুক্ত　খ স্বৈরতান্ত্রিক
গ গণতান্ত্রিক　ঘ আমলাতান্ত্রিক

৩৮. **বিপণনের অপর নাম —**
ক উৎপাদন　খ ক্রয় বিক্রয়
গ বাজারজাতকরণ　ঘ সবগুলো

৩৯. **বণ্টনপ্রণালির সর্বশেষ সংযোগকারী কে?**
ক দালাল　খ প্রতিনিধি
গ পাইকার　ঘ খুচরা ব্যবসায়ী

৪০. **সমর্থনমূলক সহায়তার মধ্যে রয়েছে —**
i. ভর্তুকি প্রদান
ii. কর অবকাশ
iii. পণ্য বাজারজাতকরণ
**নিচের কোনটি সঠিক?**
ক i　খ ii
গ i ও ii　ঘ ii ও iii

**উত্তরমালা**

| | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | ঘ | ৩ | ক | ৪ | খ | ৫ | ক | ৬ | ঘ | ৭ | খ | ৮ | খ | ৯ | ক | ১০ | খ |
| ১১ | ক | ১২ | ক | ১৩ | ক | ১৪ | ক | ১৫ | ঘ | ১৬ | ঘ | ১৭ | ঘ | ১৮ | ঘ | ১৯ | ক | ২০ | খ |
| ২১ | গ | ২২ | ক | ২৩ | ক | ২৪ | গ | ২৫ | ঘ | ২৬ | খ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | খ |
| ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | ঘ | ৩৪ | খ | ৩৫ | ক | ৩৬ | খ | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | ঘ | ৪০ | গ |

Copyright Md Shah Jamal